

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫  
মহিলা উন্নয়ন অনুবিভাগ  
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫১৯.১৮.০০১.১৯.৬৩

তারিখ: ২৭ মাঘ ১৪২৬

১০ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: মহিলা উন্নয়ন অনুবিভাগভুক্ত উপজেলাসমূহে আগামী জুন/২০২০ মাসের মধ্যে কমপক্ষে ৫০% মেয়াদোত্তীর্ণ ঋণ আদায় সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক পরিচালিত প্রকল্প/কর্মসূচিসমূহের মধ্যে একমাত্র মহিলা উন্নয়ন অনুবিভাগের কার্যক্রম রাজস্ব বাজেটভুক্ত জনবল দ্বারা পরিচালিত হচ্ছে। নীতিমালা অনুযায়ী নির্ধারিত লক্ষ্যমাত্রার ভিত্তিতে সাংগঠনিক, পুঁজি গঠন ও ঋণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। কিন্তু মহিলা উন্নয়ন অনুবিভাগভুক্ত উপজেলাসমূহের মধ্যে কতিপয় উপজেলায় বিপুল পরিমাণ মেয়াদোত্তীর্ণ ঋণ দীর্ঘদিন ধরে অনাদায়ী অবস্থায় রয়েছে (কপি সংযুক্ত)। এরফলে স্বাভাবিক ঋণ কার্যক্রম ব্যাহত হওয়ার পাশাপাশি মহিলা উন্নয়ন অনুবিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে এবং এ জন্য সরকারের বিভিন্ন পর্যায়ে জবাবদিহি করতে হচ্ছে। বিষয়টি ১৬-১৭ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে সদর দপ্তরে অনুষ্ঠিত উপপরিচালক সম্মেলনে আলোচিত হয় এবং আগামী জুন/২০২০ মাসের মধ্যে কমপক্ষে ৫০% মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, উপপরিচালক সম্মেলনের সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জেলাধীন মহিলা উন্নয়ন অনুবিভাগভুক্ত উপজেলাসমূহের বাস্তবসম্মত কর্মপরিকল্পনা প্রণয়ন করে আগামী জুন/২০২০ মাসের মধ্যে কমপক্ষে ৫০% মেয়াদোত্তীর্ণ ঋণ (ব্যাংক ও নিজস্ব) আদায় নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত :- বর্ণনামত।



১০-২-২০২০

আবদুর রশিদ

পরিচালক

ফোন: +৮৮০২৮১৮০০০৬

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: drfs@brdb.gov.bd

উপপরিচালক,

বিআরডিবি, মহিলা উন্নয়ন অনুবিভাগভুক্ত সংশ্লিষ্ট জেলা।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫১৯.১৮.০০১.১৯.৬৩/১

তারিখ: ২৭ মাঘ ১৪২৬

১০ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি :-

- ১) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ২) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, , বিআরডিবি, মহিলা উন্নয়ন অনুবিভাগভুক্ত সংশ্লিষ্ট উপজেলা।



১০-২-২০২০

আফসানা হোসেন

উপপরিচালক